

২০২১-২০২২ শিক্ষাবর্ষে GST গুচ্ছভূক্ত বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তি প্রক্রিয়া

প্রতিটি বিশ্ববিদ্যালয় মেধাক্রমসহ যাবতীয় ফলাফল নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করবে। উক্ত ফলাফলের ভিত্তিতে GST ওয়েবসাইট (<https://gstadmission.ac.bd>)-এর মাধ্যমে কেন্দ্রীয় ব্যবস্থাপনায় ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে। সামগ্রিক ভর্তি প্রক্রিয়া প্রধান দুটি ধাপে বিভক্ত - (ক) প্রাথমিক ভর্তি ও (খ) চুড়ান্ত ভর্তি।

(ক) প্রাথমিক ভর্তি প্রক্রিয়া

প্রতিটি বিশ্ববিদ্যালয় আবেদনকারীদের মেধাতালিকা প্রস্তুত, বিভাগ পছন্দক্রম ও মেধাক্রম বিবেচনায় ভর্তির জন্য বিভাগ নির্বাচনসহ ফলাফল সংক্রান্ত যাবতীয় কার্যক্রম নিজস্ব ব্যবস্থাপনায় সম্পন্ন করবে। ভর্তির প্রতিটি ধাপের ফলাফল ও বিস্তারিত তথ্য স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত হবে। তবে প্রাথমিক ভর্তির সকল কার্যক্রম GST ওয়েবসাইটের মাধ্যমে পরিচালিত হবে। প্রতিটি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব হেল্পলাইন থাকতে পারে। প্রাথমিক ভর্তির ক্ষেত্রে নিম্নে উল্লেখিত বিষয়সমূহ বিশেষভাবে লক্ষ্যনীয়:

(১) কেন্দ্রীয় ভর্তি:

- আবেদনকারীকে GST-এর আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে GST ওয়েবসাইটে লগইন করতে হবে।
- আবেদনকারী যে সকল বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তির জন্য নির্বাচিত হয়েছে সংশ্লিষ্ট বিভাগসহ তার তালিকা Student Panel-এ প্রদর্শিত হবে। যে কোনো একটি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি সম্পন্ন করতে হবে।
- একাধিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হলে পছন্দমত যেকোনো একটি বিশ্ববিদ্যালয়ে ভর্তির প্রাথমিক প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। অন্য বিশ্ববিদ্যালয়গুলিতে আর কখনও ভর্তির জন্য বিবেচিত হবে না।
- এক বা একাধিক বিশ্ববিদ্যালয়ে বিভাগসহ প্রাথমিক ভর্তির জন্য প্রথমবার নির্বাচিত হবার পরেও আবেদনকারী যদি যে কোনো একটিতে প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন না করে তাহলে পরবর্তীতে GST- গুচ্ছ ভূক্ত কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না।
- প্রাথমিক ভর্তির জন্য আংশিক ভর্তি ফি বাবদ ৫০০০/- টাকা অনলাইনে পরিশোধের পর তার এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল নম্বরপত্র নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় (যে বিশ্ববিদ্যালয়ে প্রথম ভর্তি হবে)-এ জমা দিতে হবে।
- আংশিক ভর্তি ফি পরিশোধের পরেও মূল নম্বরপত্র দুটি নির্ধারিত সময়ের মধ্যে (অনলাইন নোটিশের মাধ্যমে জানানো হবে) সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে জমা দিতে অপারাগ হলে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরবর্তীতে GST-এর কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না।

(২) বিভাগ মাইগ্রেশন:

- প্রতিটি বিশ্ববিদ্যালয়ে বিভাগ মাইগ্রেশন প্রক্রিয়া সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ব্যবস্থাপনায় সংযোগিতাবে চলবে।
- নির্দিষ্ট বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত বিভাগ হতে অপেক্ষাকৃত অধিকতর পছন্দের কোন বিভাগে যেতে না চাইলে আবেদনকারীকে নিজ দায়িত্বে GST ওয়েবসাইটের মাধ্যমে Subject Migration Stop সম্পন্ন করতে হবে।
- সেক্ষেত্রে ভর্তিকৃত বিভাগ ব্যতিত ঐ বিশ্ববিদ্যালয়ের অন্য কোন বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে না।

(৩) বিশ্ববিদ্যালয় মাইগ্রেশনঃ

- সপ্তম পর্যায় (Seventh Phase) হতে প্রাথমিক ভর্তির বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না ([বিশ্ববিদ্যালয় মাইগ্রেশন সম্পূর্ণরূপে বন্ধ](#))।

(৪) ভর্তি বাতিলঃ

- প্রাথমিক ভর্তি চলাকালে কোন আবেদনকারী নিজ ইচ্ছায় (GST ওয়েবসাইটের মাধ্যমে) ভর্তি বাতিল করলে পরবর্তীতে কোনোক্রমেই কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না।
- সেক্ষেত্রে মূল কাগজপত্র যে বিশ্ববিদ্যালয়ে জমা দেওয়া আছে সেখান থেকে নিজ দায়িত্বে সংগ্রহ করতে হবে।

(খ) চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া

- সকল প্রকার মাইগ্রেশনসহ প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবার পর চূড়ান্ত ভর্তি কার্যক্রম স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ে পরিচালিত হবে।
- আবেদনকারী কোন বিশ্ববিদ্যালয়ে (নির্দিষ্ট বিভাগে) চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত হলে তাকে সেই বিশ্ববিদ্যালয়ে সশরীরে উপস্থিত হয়ে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত নিয়মানুযায়ী চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- সেক্ষেত্রে প্রাথমিক ভর্তির অগ্রিম ফি বাবদ ইতিমধ্যে প্রদত্ত ৫০০০/- টাকা এ বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত ভর্তি ফি-এর সাথে সমন্বয়পূর্বক অবশিষ্ট অংশ পরিশোধ করতে হবে।
- মূল কাগজপত্র নির্ধারিত সময়ের মধ্যে নিজ দায়িত্বে চূড়ান্তভাবে ভর্তির বিশ্ববিদ্যালয়ে জমা দিয়ে চূড়ান্ত ভর্তি নিশ্চিত করতে হবে।

■ GST Technical Committee